প্রথম আলো
তারিখ : 11 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ভিকারুননিসা নূন স্কুলে ভর্তির লটারি শুরু

নিজস্ব প্রতিবেদক ●

মেয়েদের জন্য অন্যতম সেরা বিদ্যালয় ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণিতে ভর্তির লটারি শুরু হয়েছে গতকাল রোববার। চারটি শাখার জন্য ১৩ ডিসেম্বর পর্যন্ত চলবে এই লটারি।

গতকাল প্রথম দিনে ধানমন্ডি প্রভাতি ও দিবা এবং আজিমপুর শাখার দিবা পালার লটারি হয়। বেইলি রোডে প্রতিষ্ঠানটির মূল ক্যাম্পাসে অনুষ্ঠিত হচ্ছে এই লটারি।

বিদ্যালয়টির ওয়েবসাইটে দেওয়া বিজ্ঞপ্তি অনুযায়ী, আজ সোমবার অনুষ্ঠিত হবে বসুন্ধরা প্রভাতি ও দিবা এবং আজিমপুর প্রভাতি পালার লটারি। আগামীকাল মঙ্গলবার অনুষ্ঠিত হবে মূল প্রভাতি ও ইংরেজি মাধ্যমের দিবা পালার লটারি। শেষ দিনে আগামী বুধবার হবে ইংরেজি মাধ্যম প্রভাতি ও মূল দিবা পালার লটারি।

প্রাপ্তি নং...
প্রশাসনিক
পি.এ.
কার্যার্থে/...